দৈনিক ইনকিলাব

তারিখ 09 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 5

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

033

09 JUN 1989



গতকাল ঢাকার একটি কেন্দ্রে ছাত্র-ছাত্রীরা এইচএসসি পরীক্ষা দিচ্ছে —ইনকিলাব

সারা দেশে এইচএসসি পরীক্ষা শুরু

# ৩ সহস্রাধিক পরীক্ষার্থী বহিষ্কার ।। সংঘর্ষ ঃ আহত ঃ গ্রেফতার

।। স্টাফ রিপোর্টার ।।

গতকাল ৪টি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষার প্রথম দিনে দেড়শতাধিক কেন্দ্র থেকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৩ সহস্রাধিক পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। কুমিল্লার দাউদকান্দি, হাসানপুর, এস এন কলেজ কেন্দ্রে নকল সরবরাহকারীদের সাথে পুলিশের সংঘর্ষে ২ জন পুলিশ আহত হয়েছে এবং নকল সরবরাহকারীদের প্রতিহত করতে পুলিশ এ সময় ৪ রাউণ্ড ফাঁকা গুলীবর্ষণ করে। নকল সরবরাহকারী ও বহিরাগতদের ইটপাটকেল নিক্ষেপে উক্ত ২ জন পুলিশ আহত হয়। এ ব্যাপারে ৫ জনকে গ্রেফতার করা হয়েছে।

বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ দফতর ও আমাদের সংবাদদাতাদের দেয়া তথ্য অনুসারে দেশের মফস্বল অঞ্চলের অধিকাংশ কেন্দ্রে পরীক্ষার্থীরা নকলের আশ্রয় গ্রহণ ক[illegible] কোথাও কোথাও গণ টোকাটুকি হয়।

ঢাকা মহানগরী [illegible]৩টি কেন্দ্রে গতকাল শান্তিপুর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়। কোথাও কোন রকম অপ্রীতিকর ঘটনা ঘটেনি। নগরীর ২টি কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে ২ জনকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃতদের মধ্যে ঢাকা বোর্ডের ৫৫টি কেন্দ্র থেকে প্রায় ২ হাজার, যশোর-এর ১৮টি কেন্দ্র থেকে ৩

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## মানিকগঞ্জে গণ টোকাটুকি

মানিকগঞ্জ, ৮ জুন (নিজস্ব সংবাদদাতা)।— ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে চলতি এইসএসসি পরীক্ষায় মহাদেবপুর ডিগ্রী কলেজ কেন্দ্রে ঢালাওভাবে গণ টোকাটুকি ও বহিরাগত পরীক্ষার্থীদের কাছ থেকে বিনা রশিদে মোটা অংকের টাকা আদায় করার অভিযোগ পাওয়া গেছে।

মহাদেবপুর ডিগ্রী কলেজের এইচএসসি টেস্ট পরীক্ষায় ৫শ' ৪৫ জন অংশগ্রহণ করলেও পরীক্ষার সময় এক হাজার ৩০ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। অধ্যক্ষ বহিরাগত ছাত্র-ছাত্রীদের কাছ

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## মানিকগঞ্জ

প্রথম পৃষ্ঠার পর

থেকে মোটা অংকের অর্থের বিনিময়ে অবৈধভাবে বোর্ডের নিয়ম ভঙ্গ করে এদের পরীক্ষা দেবার ব্যবস্থা করেন। শিবালয় উপজেলার মহাদেবপুর ডিগ্রী কলেজ কেন্দ্রে ১ হাজার ৩০ জন পরীক্ষার্থীর আসন সংকুলান না হওয়ায় বোর্ডের নিয়ম ভঙ্গ করে ছোট বেঞ্চে ৩ জনকে বসানো হয়েছে। এর পরও ৫/৭শ' গজ দূরে বরংগাইল গোপাল চন্দ্র উচ্চ বিদ্যালয় ও কলেজ হোস্টেলের জন্য একটি টিনের ঘরে ছাত্র-ছাত্রীদের বসানো হয়েছে।

এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হলে তারা এর কোন সদুত্তর দিতে পারেনি।

## এইচএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

শতাধিক, রাজশাহীর ৩৭টি কেন্দ্র থেকে ৭ শতাধিক এবং কুমিল্লার ২৪টি কেন্দ্র থেকে ৪৬৩ জন রয়েছে।

আমাদের সংবাদদাতাগণ জানান, নরসিংদীর ৬টি কেন্দ্র থেকে ১২০ জন, কুষ্টিয়ার ৬টি কেন্দ্র থেকে শতাধিক, চাঁদপুরের ৮টি কেন্দ্র থেকে দু'শতাধিক, দাউকান্দি থেকে ১ জন, খুলনা মহানগরীর বিভিন্ন কেন্দ্র থেকে ৮৪ জন, চট্টগ্রাম মহানগরী থেকে শতাধিক, কুমিল্লার ১০টি কেন্দ্র থেকে দেড় শতাধিক, যশোর-এর ১৪টি কেন্দ্র থেকে দেড় শতাধিক, রাজশাহীর ৩৭টি কেন্দ্র থেকে ৭শ', পটুয়াখালীর ৬টি কেন্দ্র থেকে ১০৯ জন, নারায়ণগঞ্জের ৪টি কেন্দ্র থেকে ১৫৪ জন, নোয়াখালীর সেনবাগ থেকে ৭ জন, মুন্সিগঞ্জের ৫টি কেন্দ্র থেকে ৭৯ জন, বরিশালের ১৪টি কেন্দ্র থেকে ৪২৯ জন, ঝালকাঠির বিভিন্ন কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে ২০৫ জনকে বহিষ্কার করা হয়।

এছাড়া মানিকগঞ্জের বিভিন্ন কেন্দ্র থেকে ৩৮ জনকে বহিষ্কার করা হয়।

এদিকে আমাদের নরসিংদীর সংবাদদাতা জানান, নরসিংদীর ওগাসিম উদ্দিন কলেজে ৩০৫ জন ছাত্র-ছাত্রী রেজিস্ট্রেশন ছাড়াই পরীক্ষায় অংশগ্রহণ করেছে। অন্যদিকে বেলাবো কেন্দ্রের বাজনাবো কলেজের ৯ জন ছাত্র-ছাত্রীর মধ্যে প্রবেশপত্র না পাওয়া ৭ জন পরীক্ষা দিতে পারে নাই। যশোর বোর্ড-এর অধীনে ১ জন পরিদর্শককেও বহিষ্কার করার সংবাদ পাওয়া গেছে।